

# ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ (আইইবি)

শহীদ প্রকৌশলী ভবন, আইইবি সদর দফতর, রমনা, ঢাকা-১০০০

ফোন : ০২২২৩৩৮৯৪৮৫, ০২২২৩৩৮৭৮৬০, ফ্যাক্স : ৮৮-০২-২২৩৩৮২৪৪৭,

E-mail : info.iebhq@gmail.com, info@iebbd.org, Web: www.iebbd.org.

স্মারক নং - সদ/আইইবি/জি/প্রেসবিঃ/২০২২/২৮

তারিখ: ০৬-০১-২০২২ খ্রি.

## প্রেস বিজ্ঞপ্তি

### সরকারি দায়িত্ব পালনকালে কাউখালী উপজেলা চেয়ারম্যান কর্তৃক উপজেলা প্রকৌশলীর সঙ্গে অশোভন আচরণের ঘটনায় আইইবির তীব্র নিন্দা ও প্রতিবাদ

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সুযোগ্য কন্যা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার সুনির্দিষ্ট দিক-নির্দেশনায় দেশের অবকাঠামো ও সার্বিক উন্নয়নে দেশব্যাপী স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের প্রকৌশলীরা নিরলসভাবে কাজ করে যাচ্ছে। মাননীয় প্রধানমন্ত্রীর ভিশন-২০৪১ এবং ডেল্টাপ্ল্যান-২১০০ বাস্তবায়নে এই করোনাকালীন সময়ে সম্মুখ যোদ্ধা হিসেবে প্রকৌশলীরা দায়িত্ব পালন করছেন এবং ভবিষ্যতেও সে ধারা অব্যাহত থাকবে। কিন্তু সাম্প্রতিক সময়ে লক্ষ্য করা যাচ্ছে যে, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরে সুনামের সাথে কর্মরত প্রকৌশলীরা বিভিন্নভাবে লাঞ্ছিত হচ্ছেন।

Climate Change Trust Fund (CCTF) প্রকল্পের আওতায় (Package No: Piroj/Kaw/Ph-2/H-04) এর পিরোজপুর জেলার কাউখালী উপজেলায় ৫টি ভবন নির্মাণ কাজের চূড়ান্ত বিলের জন্য ঠিকাদার কর্তৃক কাউখালী উপজেলার স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর বরাবর আবেদন করা হয়। চূড়ান্ত বিল দ্রুত প্রদান করার জন্য কাউখালী উপজেলা চেয়ারম্যান স্থানীয় উপজেলা প্রকৌশলীকে নির্দেশ দেন। উপজেলা প্রকৌশলী জনাব মো. ইমতিয়াজ হোসাইন রাসেল সংশ্লিষ্ট কাজের সাইট ভিজিট করে সরকারি নিয়ম-নীতি মোতাবেক বিল প্রদান করা হবে মর্মে উপজেলা চেয়ারম্যানকে অবহিত করেন। তার প্রেক্ষিতে গত ২৮/১২/২০২১ খ্রি. তারিখ দুপুর ০১:৩০ মিনিটে পিরোজপুর জেলার কাউখালী উপজেলা চেয়ারম্যান কাউখালী উপজেলা প্রকৌশলী জনাব মো. ইমতিয়াজ হোসাইন রাসেলের সঙ্গে অশোভন আচরণ করেন। একজন প্রকৌশলীর সঙ্গে এই ধরনের আচরণ কোনভাবেই কাম্য নয়।

সরকারি দায়িত্ব পালনকালে উপজেলা প্রকৌশলীর সঙ্গে এই ধরনের আচরণ খুবই দুঃখজনক ও হতাশাব্যঞ্জক। কাউখালী উপজেলা প্রকৌশলীর সাথে অশোভন আচরণের ঘটনায় সারাদেশের প্রকৌশলীদের মধ্যে চরম ক্ষোভের সৃষ্টি করেছে। উপজেলা চেয়ারম্যান কর্তৃক প্রকৌশলীদের সাথে এই ধরনের অশোভন আচরণ স্থানীয় অবকাঠামো উন্নয়ন এবং ব্যবস্থাপনা, কর্মসংস্থান সৃষ্টি, আর্থ-সামাজিক উন্নয়ন, দারিদ্র্য দূরীকরণ এবং মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক ঘোষিত “আমার গ্রাম আমার শহর” বাস্তবায়নে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের কার্যক্রমের সাথে সাথে দেশের সার্বিক উন্নয়ন কার্যক্রমে বিঘ্ন ঘটবে বলে আইইবি মনে করে।

ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন, বাংলাদেশ (আইইবি) এ ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাচ্ছে।

  
প্রকৌশলী মো. শাহাদাৎ হোসেন (শীবলু), পিইজি.  
সম্মানী সাধারণ সম্পাদক, আইইবি।